



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২০-০৯-২০২১

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় চলমান 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর সমাপনী খেলা বসুন্ধরা কিংস বনাম আবাহনী লিমিটেড, ঢাকা এর মধ্যে অদ্য ২০-০৯-২০২১ তারিখ সোমবার বিকাল ৪:০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। লীগে বসুন্ধরা কিংস চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। উক্ত ম্যাচ শেষে চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলদ্বয়কে ট্রফি ও মেডেল প্রদান করা হয়।

উক্ত সমাপনী খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি ও বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিভিএস অটো বাংলাদেশ লিঃ এর সিইও জনাব বিপ্লব কুমার রয়, বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির ডেপুটি চেয়ারম্যান জনাব আব্দুর রহিম, বাফুফে সদস্য যথাক্রমে জনাব টিপু সুলতান, জনাব ইমতিয়াজ হামিদ (সবুজ), জনাব মোঃ আমের খান, জনাব মহিদুর রহমান মিরাজ, হেড অব ডিজিটাল, টি স্পোর্টস জনাব মেহরাব আলম চৌধুরী এবং বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

খেলা শেষে নিম্নোক্তদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়ঃ

১।	সেরা উদীয়মান খেলোয়াড়	মোঃ নিহাত জামান উচ্ছাস (আরামবাগ ক্রীড়া সংঘ)
২।	লীগের সেরা খেলোয়াড় (বাংলাদেশী)	আনিসুর রহমান জিকো (বসুন্ধরা কিংস)
৩।	লীগের সেরা খেলোয়াড় (বিদেশী)	Robson Azevedo Da Silva (Brazil) (বসুন্ধরা কিংস)
৪।	ফেয়ার-প্লে দল	আবাহনী লিমিটেড, ঢাকা
৫।	রানার্স আপ দল	লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ
৬।	চ্যাম্পিয়ন দল	বসুন্ধরা কিংস

উল্লেখ্য যে, বাংলাদেশ স্পোর্টস্ জার্নালিস্ট কমিউনিটি কর্তৃক 'টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর সেরা উদীয়মান খেলোয়াড়, লীগে অংশগ্রহণকারী বাংলাদেশী খেলোয়াড়দের মধ্যে সেরা খেলোয়াড় ও লীগের সেরা খেলোয়াড় নির্বাচন ও পুরস্কার প্রদান করা হয়।

খালিদ মাহমুদ নওমী

মিডিয়া এক্সিকিউটিভ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।